

# কী সেবা কীভাবে পাবেন

## ২। প্রশিক্ষণ প্রদান;

ক্রমিক নং	সেবা প্রদানকারী অফিসের নাম	সেবার নাম	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী	সেবা প্রদানের পদ্ধতি (সংক্ষেপে)	সেবাপ্রাপ্তির প্রয়োজনীয় সময়	প্রয়োজনীয় ফি/ট্যাক্স আনুষঙ্গিক খরচ	সংশ্লিষ্ট আইন/ বিধি/নীতিমালা	নির্দিষ্ট সেবা পেতে ব্যর্থ হলে পরবর্তী প্রতিকারকারী কর্মকর্তা
০২	বাংলাদেশ সমবায় একাডেমী/ ১০টি আঞ্চলিক সমবায় শিক্ষায়তন এবং জেলা ও উপজেলা/ মেট্রোপলিটন থানা সমবায় কার্যালয়	প্রশিক্ষণ প্রদান	১. অধ্যক্ষ ২. উপাধ্যক্ষ ৩. অধ্যাপক ৪. সহকারী অধ্যাপক ৫. জেলা/উপজেলা/ থানা সমবায় অফিসার, ৬. প্রশিক্ষক/সহকারী প্রশিক্ষক/ সহকারী পরিদর্শক	নিবন্ধিত সমবায় সমিতির কার্যক্রম পরিচালনাসংক্রান্ত, সমিতির আয়- ব্যয়ের হিসাব সংরক্ষণ, আয়বর্ধকমূলক কর্মকাণ্ড পরিচালনা, আত্মকর্মসংস্থানের লক্ষ্যে কম্পিউটার প্রশিক্ষণ, সেলাই, পশুপালন, মৎস্য চাষ ইত্যাদি বিষয়ে সমিতির সদস্যদের প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে। উক্ত প্রশিক্ষণ প্রদানের জন্য বাংলাদেশ সমবায় একাডেমী এবং এর আওতাধীন ১০টি আঞ্চলিক সমবায় শিক্ষায়তন রয়েছে। উক্ত ১০টি প্রশিক্ষণ কেন্দ্র প্রতিবছর মে মাসে একটি বাৎসরিক প্রশিক্ষণ কর্মসূচি প্রণয়ন করে। প্রশিক্ষণ কর্মসূচি মোতাবেক প্রতি জেলায় নির্দিষ্টসংখ্যক সমবায়ী প্রেরণ করার জন্য আদেশ প্রদান করে।	১-১৫ দিন	বিনামূল্যে (বাংলাদেশ সমবায় একাডেমী ও আঞ্চলিক সমবায় শিক্ষায়তনে প্রশিক্ষার্থীদের দূরত্ব অনুযায়ী যাতায়াত ভাতা এবং নির্দিষ্ট হারে দৈনিক ভাতা প্রদান করা হয়।)	বার্ষিক প্রশিক্ষণ কর্মসূচিতে বর্ণিত নির্দেশনা মোতাবেক	১. নিবন্ধক ও মহাপরিচালক ২. অধ্যক্ষ বাংলাদেশ সমবায় একাডেমী ৩. বিভাগীয় যুগ্ম-নিবন্ধক ৪. অধ্যক্ষ, আঞ্চলিক সমবায় শিক্ষায়তন ৫. জেলা সমবায় অফিসার
				সে অনুযায়ী জেলা সমবায় অফিসার কর্তৃক তার অধীনস্থ উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসারকে প্রশিক্ষার্থী মনোনয়ন দেওয়ার জন্য নির্দেশ প্রদান করা হয়। উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসার নিজে অথবা ইতঃপূর্বে সমিতির আবেদনের প্রেক্ষিতে প্রশিক্ষার্থী নির্বাচন করেন। এরপর নির্বাচিত প্রশিক্ষার্থীকে সংশ্লিষ্ট প্রশিক্ষণ কেন্দ্রে প্রশিক্ষণ গ্রহণের জন্য আদেশ প্রদান করেন। প্রশিক্ষণ গ্রহণ শেষে প্রশিক্ষার্থীকে সনদ প্রদান করার মাধ্যমে প্রশিক্ষণের বিষয়টি সমাপ্ত করা হয়। অন্যদিকে ৬৪টি জেলা সমবায় কার্যালয়ে একটি ভ্রাম্যমাণ প্রশিক্ষণ ইউনিট রয়েছে। উক্ত ভ্রাম্যমাণ প্রশিক্ষণ ইউনিট সমবায় ব্যবস্থাপনার ওপর প্রশিক্ষণ প্রদান করে থাকে। এক্ষেত্রে প্রশিক্ষণ গ্রহণ করতে ইচ্ছুক সমিতি আবেদন করলে অথবা ভ্রাম্যমাণ প্রশিক্ষণ দল উদ্যোগী হয়ে উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসার কর্তৃক নির্ধারিত সমিতিতে গিয়ে ১ দিনের প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন করে। প্রশিক্ষণ গ্রহণ শেষে প্রশিক্ষণের বিষয়টি সমাপ্ত করা হয়।				